

Translation Practice Sheet

নারী শিক্ষার বিস্তার

১. বর্তমান সরকার নারী শিক্ষার বিস্তার ও নারী অধিকার প্রতিষ্ঠাসহ নারীর নিরাপত্তা নিশ্চিতকরণ, কর্মক্ষেত্রে অবাধ প্রবেশ ও নীতি নির্ধারণে নারীর অংশগ্রহণ নিশ্চিত করতে বহুমুখী পরিকল্পনা গ্রহণ ও বাস্তবায়ন করছে।
২. সরকারের গত ৯ বছরের নিরন্তর প্রচেষ্টায় বর্তমানে দেশে নারী শিক্ষার হার ৫০ দশমিক ৫৪ শতাংশে উন্নীত হয়েছে।
৩. বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরোর (ব্যানবেইস) হিসেব অনুযায়ী, বর্তমানে প্রাথমিক পর্যায়ে মোট ছাত্রছাত্রীর প্রায় ৫১ শতাংশ, মাধ্যমিক পর্যায়ে ৫৪ শতাংশ, এইচএসসি পর্যায়ে ৪৮ দশমিক ৩৮ শতাংশ ছাত্রী।
৪. বিগত সময়ের প্রাথমিক শিক্ষা সমাপনী (পিইসি), জেএসসি-জেডিসি এবং এসএসসি পরীক্ষায় সাফল্য জিপিএ-৫ অর্জনের দিক থেকেও নারীরা এগিয়ে রয়েছে।

Solution

1. The Present government is adopting and implementing multifaceted/many-sided plans to ensure women's participation in policy-making and free/open entry into the workplace and to ensure women's safety including the establishment of women's rights and the expansion/development of women's education.
2. At present, the rate of female education in the country has increased to 50.54 percent due to the continuous efforts of the government for the last 9 years.
3. According to the Bangladesh Bureau of Education Information and Statistics (Bangladesh), at present about 51 percent of the total students at the primary level, 54 percent at the secondary level and 48.36 percent at the HSC level are female students.

4. Women/Female students are also ahead/have advanced in terms of gaining GPA-5 and success in Primary Education Certificate (PEC), JSC-JDC and SSC examinations.

শ্রমশক্তিতে নারী

1. ৯ অক্টোবর ২০১৭ কেনিয়ার রাজধানী নাইরোবিতে বিশ্বব্যাংক ও আন্তর্জাতিক মুদ্রা তহবিলের (আইএমএফ) বার্ষিক সম্মেলনে প্রদত্ত তথ্যানুসারে, ১৯৮৩-১৯৮৪ অর্থ বছরে দেশের শ্রমশক্তির ৭ শতাংশ ছিল নারী। বর্তমানে তা বেড়ে ৩০ শতাংশে উন্নীত হয়েছে।
2. স্বাধীনতার পর বঙ্গবন্ধু জাতীয় সংসদে সর্ব প্রথম নারীদের জন্য ১৫টি আসন সংরক্ষণ করেছিলেন। এটাই বাংলাদেশের ইতিহাসে নারীর ক্ষমতায়নের লক্ষ্যে প্রথম বলিষ্ঠ পদক্ষেপ।
3. নারী শিক্ষা ও নারী উদ্যোক্তাদের অগ্রগতি অর্জনের স্বীকৃতি হিসেবে যুক্তরাষ্ট্রভিত্তিক বেসরকারী সংস্থা 'দ্য গ্লোবাল সামিট অব উইমেন' এর পক্ষ থেকে প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে 'গ্লোবাল উইমেনস লিডারশিপ' এ্যাওয়ার্ড প্রদান করা হয়েছে।
4. জাতিসংঘে অনুষ্ঠিত সাধারণ পরিষদের সভায় নারীর ক্ষমতায়নের জন্য 'প্লানেট ৫০-৫০ চ্যাম্পিয়ন এবং 'এজেন্ট অব চেঞ্জ এ্যাওয়ার্ড'-দুটি গুরুত্বপূর্ণ পুরস্কার অর্জনের মাধ্যমে নারীর ক্ষমতায়নে অসামান্য সাফল্য দেখিয়েছে বাংলাদেশ।
5. বিশ্ব গণমাধ্যমে নারীর ক্ষমতায়নে বাংলাদেশের সাফল্যের বিষয়টি গুরুত্ব পেয়েছে।
6. আজ থেকে এক শতাব্দীর বেশ কিছু আগে এমন স্বপ্নই দেখেছিলেন নারী জাগরণের অগ্রদূত বেগম রোকেয়া সাখাওয়াত হোসেন।
7. ১৯০৫ সালে তাঁর রচিত 'সুলতানার স্বপ্ন' নামের বইটিতে কল্পনায় তিনি এমন একটি দেশ চেয়েছিলেন, যেখানে সবকিছুর নেতৃত্বে থাকবেন নারী।
8. নার উন্নয়ন ও ক্ষমতায়নে শেখ হাসিনার নেতৃত্বে বাংলাদেশ সেই লক্ষ্যে অনেকদূর এগিয়েছে।

Solution

1. According to data provided at the annual conference of the World Bank and the International Monetary Fund (IMF) in Nairobi, the capital of Kenya, on October 9, 2016, 7 percent of the country's labor force was women in the 1983-1984 fiscal year. At present it has increased to 30 percent.

2. After independence, Bangabandhu reserved 15 seats for women in the National Assembly for the first time. This is the first strong step towards empowerment of women in the history of Bangladesh.
3. In recognition of the progress made by women education and women entrepreneurs, Prime Minister Sheikh Hasina has been awarded the Global Women's Leadership' award on behalf of the USA based non-government organization "The Global Summit of Women'.
4. Bangladesh has shown remarkable success in women's empowerment by winning two important awards- 'Planet 50-50 Champion' and 'Agent of Change Award' for women's empowerment at the UN General Assembly.
5. Bangladesh's success in empowering women has gained importance in the world media.
6. Beegum Rokeya Sakhawat Hossain, a pioneer of women's awakening, dream/had such a dream a century ago.
7. In her 1905 book, Sultana's Dream, she envisioned/wanted/sought a country where women would led everything. s
8. Bangladesh has come/advanced a long way towards that goal under the leadership of Sheikh Hasina in women's development and empowerments.